

বিনিয়া বাস্তবায়নের বিভিন্ন কার্যক্রম

সাথে জাতীয় পরিচয়পত্র ডাটাবেজ সংযুক্ত করার কাজ সম্পন্ন করা হয়েছে।


### আর্কিটেকচার পরিপক্বতা মূল্যায়ন টুল

কোনো সরকারি মন্ত্রণালয়, বিভাগ ও দফতর BNEA প্রণীত মানদণ্ড, নীতিমালা, সহায়ক নির্দেশিকা ইত্যাদি বাস্তবায়নও মেনে চলছে কি না, তা যাচাই করার জন্য একটি সফটওয়্যার টুল বানানো হয়েছে। এটি বর্তমানে অফলাইন সংস্করণ হিসেবে আছে, খুব শিগগিরই এর অনলাইন সংস্করণ বানানোর কাজ শুরু হবে। এ টুলের মাধ্যমে কোনো সংস্থা তাদের তথ্যপ্রযুক্তি বাস্তবায়নের পরিপক্বতা মূল্যায়ন করতে পারে, যা বাংলাদেশকে egov index-এ উন্নতিতে সহায়ক হবে।

### সরকারি দফতরের জন্য আইসিটি রোডম্যাপ প্রণয়ন

আইসিটি রোডম্যাপ হলো কোনো একটি সরকারি মন্ত্রণালয়, বিভাগ ও দফতরের কমপিউটারায়নের সামষ্টিক পরিকল্পনা। এটি প্রকৃতপক্ষে উল্লিখিত মন্ত্রণালয়, বিভাগ ও

দফতরের ডিজিটালায়ন ও কমপিউটারায়নের ক্ষেত্রে আগামী ১০ বছরের মাস্টার প্লান হিসেবে সহায়ক হবে। এই আইসিটি রোডম্যাপ প্রণীত হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও দফতরের নতুন আইসিটিভিত্তিক প্রকল্পের উদ্যোগ নিতে ও BNEA স্ফেমওয়ার্কের আওতায় ই-সেবা দিতে কার্যকর ভূমিকা রাখবে। এ ব্যাপারে প্রাথমিকভাবে তিনটি সরকারি দফতরকে নির্বাচিত করা হয়েছে- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি



বিনিয়ার ফেসবুক পেজ [www.facebook.com/bnea.bcc](http://www.facebook.com/bnea.bcc)

বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদফতর এবং খাদ্য অধিদফতর।

### প্রশিক্ষণ

আনুমানিক একশ সরকারি কর্মকর্তাকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত National University of Singapore (NUS)-এ 'Enterprise Architecture' সম্পর্কিত উন্নত প্রশিক্ষণ দেয়াসহ প্রশিক্ষণ-পূর্ব ও প্রশিক্ষণ-পরবর্তী বিভিন্ন কর্মশালার আয়োজন করা হয়েছে, যেখানে দেশী-বিদেশী বিশিষ্ট ব্যক্তিবর্গ তাদের মতামত প্রকাশ করেন। এছাড়া WSO2 প্ল্যাটফর্মের ওপর ১২ দিনব্যাপী প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এখানে সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থা, পাবলিক বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কমপিউটার কাউন্সিলের সফটওয়্যার বিশেষজ্ঞেরা সহ ২৫ জন প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত ছিলেন।

### এইএ-এর স্থানীয় কাঠামো গঠন

প্রশিক্ষিত এন্টারপ্রাইজ আর্কিটেক্টদের সমন্বয়ে অ্যাসোসিয়েশন অব এন্টারপ্রাইজ আর্কিটেক্টস (এইএ) গঠন বাস্তবায়নধীন আছে। এ ব্যাপারে বিদেশী প্রশিক্ষক দিয়ে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে তিন দিনব্যাপী একটি প্রশিক্ষণ শেষ হয়েছে। এ প্রশিক্ষণ পরিচালনায় The Open Group Architecture Framework Group সহায়তা করে।

### এনইএ বাস্তবায়ন সংক্রান্ত আইনি পদক্ষেপগুলো

জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫-এর ১৮৬ নম্বর পয়েন্টটিতে ন্যাশনাল এন্টারপ্রাইজ

আর্কিটেকচার (NEA) বাস্তবায়নের ব্যাপারে জোর দেয়া হয়েছে। এছাড়া NEA-এর জন্য আইন হচ্ছে। আইনটির খসড়া ইতোমধ্যে হয়ে গেছে। এছাড়া NEA-এর পরিপ্রেক্ষিতে জাতীয় ক্রয়নীতি ও সংশোধন করার উদ্যোগ নেয়া হয়েছে।

### বিএনইএ ও সামাজিক যোগাযোগমাধ্যম

ব্যবহারকারী ও জনসাধারণের সুবিধার্থে ফেসবুকে পাতা ([facebook.com/bnea.bcc](http://facebook.com/bnea.bcc)) খোলা হয়েছে, যেখানে BNEA সংক্রান্ত তথ্য, জ্ঞানগর্ভ প্রবন্ধ, খবর, সর্বশেষ কার্যক্রম, বিভিন্ন প্রোগ্রাম, প্রশিক্ষণ, সেমিনার, অনুষ্ঠানের ঘোষণা ইত্যাদি প্রকাশ করা হয়।

### চ্যালেঞ্জ ও প্রয়োজনীয় সহযোগিতা

জাতীয় পর্যায়ে ন্যাশনাল এন্টারপ্রাইজ আর্কিটেকচার বাস্তবায়ন ও টেকসই করার জন্য প্রয়োজন দেশীয় প্রযুক্তিবিদদের সমন্বয়ে অ্যাসোসিয়েশন অব এন্টারপ্রাইজ আর্কিটেক্টস (এইএ)। তার জন্য প্রয়োজন TOGAF certified জনবল। আশা করা যায়, এ সার্টিফিকেশন গ্রহণ করে দেশে উপযুক্ত জনবল শিগগিরই পাওয়া যাবে **কক**